

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৫, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

পুলিশ শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ অগ্রহায়ণ ১৪১৩/৩ ডিসেম্বর ২০০৬

এস, আর, ও নং ৩০৭-আইন/২০০৬।— Armed Police Battalions Ordinance, 1979 (Ord. No. XXV of 1979) এর section 14 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার আর্মড পুলিশ ব্যাটালিয়ন বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায় বিধি ১০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) মহাপুলিশ পরিদর্শক বা তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বাহিনীর কোন সদস্যকে পুলিশের অন্য কোন বিভাগে বদলী করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, নিম্নে টেবিলের কলাম ২ এ উল্লিখিত পদে অধিষ্ঠিত কোন সদস্যের ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত চাকুরীর মেয়াদ পূর্ণ না হইলে বদলী করা যাইবে না, যথা :—

'টেবিল'

নং	পদের নাম	চাকুরীর মেয়াদ
(১)	প্রাটুন অধিনায়ক	২০ বৎসর
(২)	সেকশন অধিনায়ক	১৮ বৎসর
(৩)	নায়ক	১৬ বৎসর
(৪)	আর্মড পুলিশম্যান	৬ বৎসর "।

রাষ্ট্রেপতির আদেশক্রমে

মোঃ সূজায়েত উল্লাহ

উপ-সচিব (পুলিশ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১১৮৩১)

মূল্য : টাকা ২.০০